কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড
"এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 18 AUGUST 2026 ,TUESDAY | ১৮ আগস্ট ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-255


## আইএসআই এর চরবৃত্তির অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করলো বেঙ্গল এসটিএফ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৭ আগস্ট :** পাক গুপ্তচর সংস্থা আই এস আই এর চরবৃত্তির অভিযোগে রবিবার রাতে ফের গ্রেপ্তার এক যুবক। জানা গেছে বেঙ্গল এস টি এফ ও কোচবিহার জেলা পুলিশের দিনহাটা থানার পুলিশ রবিবার রাতে দিনহাটা দুই নম্বর ব্লকের নাজিরহাট এর দিঘলটারি গ্রামে অভিযান চালিয়ে বাড়ি থেকেই ঐ যুবককে গ্রেপ্তার করে। ধৃতের নাম মিঠু রহমান। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত মিঠু দীর্ঘদিন ধরেই আই এস আই এর চর হিসাবে কাজ করছিলো। উল্লেখ্য শনিবার দিনহাটা থেকেই তিন জনকে গ্রেপ্তার করে এস টি এফ তাদের বিরুদ্ধেও আই এস আই এর চর বৃত্তির অভিযোগ রয়েছে। এই তিনজনকে আদালতে পেশ করা হলে আদালত তাদের চৌদ্দদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেয়। তাদের জিজ্ঞাসাবাদ করেই পুলিশ ওএস টিএফ মিঠু রহমানের সম্পর্কে জানতে পারে। মিঠু ও ভারতীয় সিম পাকিস্তানে পাচার করা সহ জাল নোটের কারবার চালাতো বলে অভিযোগ। মিঠু যে গ্রামে বাস করে সেটি ভারত বাংলাদেশ সীমান্ত লাগোয়া। সীমান্তবর্তী এলাকায় বাস করে সে সহজেই চরবৃত্তি করতো। এলাকায় মিঠু একজন চাষী হিসাবেই পরিচিত, সে তার পরিবারের সকলকে নিয়ে বসবাস করে। পুলিশ সোমবার ধৃতকে দিনহাটা মহকুমা আদালতে পাঠালে আদালত মিঠুকে পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দেয়। পুলিশ ধৃতকে হেফাজতে নিয়ে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

## হলদিয়ার বন্যা পরিস্থিতি পরিদর্শনে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,পূর্ব মেদিনীপুর ,১৭ আগস্ট :** অতি বৃষ্টিতে জলমগ্ন হলদিয়ার বিভিন্ন এলাকা আজ পরিদর্শন করলেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল ।মাননীয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উদ্যোগে হলদিয়ার বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের ত্রাণ ও পুনর্বাসনের জন্য এক কোটি টাকা বরাদ্দ করা হয়েছে ।পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন ,"এই কঠিন সময়ে মানুষের পাশে দাঁড়িয়ে দ্রুত সহায়তা পৌঁছে দেওয়াই আমাদের প্রধান লক্ষ্য। দীর্ঘদিনের দুর্বল জল নিকাশি পরিকাঠামো এবং অব্যবস্থার কারণে এখানকার মানুষকে বারে বারে দুর্ভোগে পড়তে হয়। তাই তাৎক্ষণিক ত্রাণ ও উদ্ধার কাজের পাশাপাশি স্থায়ী ও কার্যকর জল নিকাশি ব্যবস্থার এবং অন্যান্য সমস্যার দীর্ঘমেয়াদী সমাধান করাই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ"। হলদিয়ার আমলাট অঞ্চলে প্রাক বন্যা পরিস্থিতির জন্য প্রাথমিক বিদ্যালয়ে আশ্রয় নেওয়া মানুষজনদের সাথে আজ তিনি কথা বলেন এবং জানান ,"বন্যা দুর্গত মানুষজনদের সাথে কথা বলে তাদের অসুবিধা গুলো দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নিলাম। হলদিয়ার বন্যা ও জলমগ্ন পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারের পাশে আমরা আছি। এই কঠিন সময়ে তাঁদের দুর্ভোগ ও কষ্টের প্রতি আমাদের আন্তরিক সহমর্মিতা রইল। দুর্যোগের এই পরিস্থিতিতে কোনও মানুষ যাতে খাদ্য বা নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর অভাবে না থাকেন ,সে বিষয়ে দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের কঠোরভাবে পর্যাপ্ত খাদ্য মজুত রাখা এবং সময়মতো তা মানুষের মধ্যে বিতরণের নির্দেশ দিয়েছি। প্রশাসনের প্রতিটি স্তরকে মানুষের পাশে থেকে দ্রুত ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানাচ্ছ।"

# বিজেপির সর্ব ভারতীয় সম্পাদক পদে মনোনীত হলেন আলিপুরদুয়ার এর সাংসদ



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট :** ঘোষিত হয়েছে বিজেপির নতুন জাতীয় কমিটি। জাতীয় এই কমিটির সম্পাদক পদে দায়িত্ব পেয়েছেন আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্গা। বিজেপির দলীয় সূত্রে জানা গেছে নিতিন নবীনের নেতৃত্বে এই কমিটি সর্বভারতীয় স্তরে দলকে আরও শক্তিশালী করে তোলার লক্ষ্যে কাজ করবে। আলিপুরদুয়ার এর সাংসদকে জাতীয় কমিটির সম্পাদক পদে মনোনীত করায় স্বাভাবিকভাবেই খুশী আলিপুরদুয়ার এর দলীয় কর্মী সমর্থকরা। সাংসদ মনোজ টিগ্গা জানান দলের এই নতুন দায়িত্ব যথাযথভাবে পালন করার লক্ষ্যে তিনি কাজ করবেন।

# নদী থেকে বালি তোলা নিয়ে উত্তেজনা আলিপুরদুয়ারে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট :** আলিপুরদুয়ার পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের দ্বীপচর এলাকায় কাল জানি নদী থেকে বালি তোলে মহাসড়কের কাজে নিয়ে যাবার পথে বালি বোঝাই গাড়ি আটকে দিল এলাকার বাসিন্দারা। এর আগেও এমন ঘটনা ঘটেছে এই এলাকায়। গত কয়েকদিন যাবত বালি তুলে নিয়ে যাচ্ছে বালি মাফিয়ার। এর ফলে নদীর চরে বড় গর্তের সৃষ্টি হচ্ছে। আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে প্রতিনিয়ত চলছে নদী থেকে বালি উত্তোলন। বিষয়টি নিয়ে এলাকার বাসিন্দারা বেশ কয়েকদিন যাবৎ প্রতিবাদ করছেন কিন্তু কোন কাজ হচ্ছে না। সোমবার রীতিমতো এলাকার বাসিন্দারা এক জোট হয়ে বালি তোলার কাজে ব্যবহৃত জেসিবি এবং ডাম্পার আটকে দেন। এলাকার বাসিন্দারা রীতিমতো ক্ষোভ প্রকাশ করেন বালি উত্তোলন নিয়ে।

# শিলিগুড়ির একটি প্লাস্টিক কারখানায় আগুন ,ক্ষতির পরিমান কয়েক কোটি টাকা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৭ আগস্ট :** শিলিগুড়ির সেভক রোডে ইন্ডাস্ট্রিয়াল বেল্টের একটি প্লাস্টিক কারখানায় সোমবার সকাল দশটা নাগাদ আগুন লাগে। কারখানা থেকে ধোঁয়া বেরোতে দেখে ইন্ডাস্ট্রিয়াল বেল্টের অন্যান্য কারখানার শ্রমিকরা খবর দেন শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন ভক্তিনগর থানায় ও দমকল কেন্দ্রে। খবর পেয়ে পুলিশ ও দমকল কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছান ও আগুন নিয়ন্ত্রনের কাজ শুরু করেন। জানা গেছে প্লাস্টিকের কারখানার ভেতরে প্লাস্টিক ও প্লাস্টিকের দানার বস্তা থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়তে থাকে। এর ফলে অন্যান্য কারখানার শ্রমিকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। দমকল কর্মীরা তিনটি ইঞ্জিন নিয়ে প্রথম থেকেই আগুন নিয়ন্ত্রনে আনার কাজ শুরু করেন পাশাপাশি আগুন যাতে অন্য কারখানায় ছড়িয়ে পড়তে না পারে সেদিকেও কড়া নজরদারি চালান। পুলিশ ও দমকল কর্মীরা আগুন লাগা কারখানা ও অন্যান্য কারখানার শ্রমিকদের নিরাপদে বাইরে বের করে আনেন। দমকল সূত্রে জানানো হয় প্লাস্টিক দাহ্য বস্তু হওয়ায় আগুন দ্রুত ছড়িয়ে পড়তে থাকে ও ধোঁয়ায় কারখানার অভ্যন্তর ঢেকে যাওয়ায় তাদের আগুন নিয়ন্ত্রন করতে প্রচন্ড বেগ পেতে হয়। টানা কয়েকঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আনেন দমকল কর্মীরা। আগুন লাগার কারন জানা যায়নি।পুলিশ ও দমকল দপ্তর আগুন লাগার সঠিক কারন সম্পর্কে খতিয়ে দেখছে। কারখানা কর্তৃপক্ষের দাবী ক্ষতির পরিমান কয়েক কোটি টাকা।

# আলিপুরদুয়ারে তিন জনের মৃত্যুতে শোকের ছায়া





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট :** তারাপীঠের একটি হোটেলে ভয়াবহ অগ্নিকাণ্ডে আলিপুরদুয়ারের তিন বাসিন্দার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে শহরজুড়ে। সোমবারের ওই অগ্নিকাণ্ডে মৃত তিনজন পুজো দিতে দেওঘর ও তারাপীঠে গিয়েছিলেন। তাঁরা একটি ব্যক্তিগত গাড়িতে করে সফর করছিলেন।মৃতদের মধ্যে রয়েছেন আলিপুরদুয়ার পুরসভার ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা ৪২ বছরের অমিত পাল, ৭ নম্বর ওয়ার্ডের সুবীর সাহা এবং তপসিখাতার বাসিন্দা কমল রায়। পরিবার সূত্রে জানা গিয়েছে, তিনজনই শুক্রবার আলিপুরদুয়ার থেকে রওনা হয়েছিলেন। সোমবার তাঁদের বাড়ি ফেরার কথা ছিল।তিনজনের মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই আলিপুরদুয়ারে শোকের আবহ তৈরি হয়। মৃতদের বাড়িতে আত্মীয়স্বজন, প্রতিবেশী ও পরিচিতদের ভিড় জমে যায়। পরিবারের সদস্যরা জানান, পরিচয় নিশ্চিত করার জন্য আলিপুরদুয়ার থানার পুলিশ তাঁদের বাড়িতে গিয়ে প্রয়োজনীয় নথিপত্র সংগ্রহ করেছে।

# মাছের কার্টুনের আড়ালে মহিষ পাচার, গ্রেপ্তার দুজন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট :** গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে একটি পিকআপ ভ্যান সহ ৯ টি মহিষ উদ্ধার করেছে শামুকতলা রোড এলাকায়। গ্রেফতার করা হয়েছে দুজনকে। আলিপুরদুয়ার জেলা থেকে মহিষ গুলি গাড়িতে তুলে অসমের দিকে নিয়ে যাচ্ছিল গাড়ির চালক এবং তার সহকারী। নয়টি মহিষ নীচে পায়ে বেঁধে ফেলে রেখে তার উপরে মাছের কার্টুন সাজিয়ে রাখা ছিল। দূর থেকে দেখলে বোঝা যাবে মাছের কার্টুন নিয়ে যাচ্ছে পিকআপ ভ্যান। পুলিশ সূত্রে জানা গেছে নয়টি মহিষ সহ দুজনকে গ্রেফতার করা হয়েছে। আগামীকালকে তাদেরকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হবে। উল্লেখ্য ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে গরু মহিষ পাচার হচ্ছে লাগাতার ভাবে। গত তিন দিন আগে জাতীয় সড়কের শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির অধীন পারো কাটা এলাকায় ১২ টি মৃত মহিষকে ফেলে রেখে চলে যায় রাতের অন্ধকারে তারপরের দিন পুলিশ সেই মহিষ গুলিকে মাটির নিচে পুঁতে দেয়।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |